

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৭৫

তারিখ: ২০-০৪-২০২০ খ্রি.

শোকবার্তা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রশাসন-২ শাখায় কর্মরত প্রশাসনিক কর্মকর্তা জনাব তাজুল ইসলাম পালোয়ান গত ১৯ এপ্রিল ২০২০ তারিখ সন্ধ্যা ৭.৩০ টায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে গাজীপুরের কালিগঞ্জে নিজবাড়িতে ইন্তেকাল করেন (ইম্মা-লিল্লাহি ওয়াইম্মা ইলাইহি রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বছর। তিনি স্ত্রী, দুই পুত্র সন্তান এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

জনাব তাজুল ইসলাম পালোয়ান ০৩-০৬-১৯৯১ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করে বিভিন্ন শাখায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি ছিলেন একজন দক্ষ, পরিশ্রমী ও নিবেদিত প্রাণ কর্মী। ব্যক্তিগতভাবে তিনি ছিলেন সদা হাস্যোজ্জ্বল, মৃদুভাষি ও বিনয়ী। তার নিরলস কর্মোদ্যম ও কর্মনিষ্ঠা সহকর্মীদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে। বিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদনে তার অবদান এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী কৃতজ্ঞতাভরে স্মরণ রাখবে।

জনাব তাজুল ইসলাম পালোয়ানের মৃত্যুতে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী গভীর শোক প্রকাশ করছেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছেন।

স্বাক্ষরিত

মোহাম্মদ আবদুল কাদের

উপসচিব

ফোন: ৯৫৪০৯২২

ইমেইল: admin2@mefwd.gov.bd

নম্বর: ৫৯.০০.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৭৫

তারিখ: ২০-০৪-২০২০ খ্রি.

বিতরণ: সদয় অবগত/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

০২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা : শোকবার্তাটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ

০৭। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়: শোকবার্তাটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাক্ষরিত

মোহাম্মদ আবদুল কাদের

উপসচিব